

**U.G. 4th Semester Examination 2022**

**BENGALI (General)**

**Paper Code : BNGG DC - 4/GE - 4**

Full Marks : 32

Time : Two Hours

*The figures in the margin indicate full marks.  
Candidates are required to give their answers  
in their own words as far as practicable.*

**বিভাগ - ক**

- ১। “অস্বীকার করিবার, প্রতিবাদ করিবার আমি কেহ নয়, কিন্তু তাহা মানিয়া লইবার অধিকার তাঁহারও তো নাই।” — ‘পণ্ডিতমশাই’ উপন্যাস অবলম্বনে উদ্ধৃতিটি সপ্রসঙ্গ ব্যাখ্যা করো এবং কুসুম-বৃন্দাবনের সম্পর্কের টানাপোড়েনটি বুঝিয়ে দাও। ৮

**অথবা**

নারী মনস্তত্ত্বের সূক্ষ্ম রূপায়ণে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কতদূর সার্থক হয়েছেন, তা ‘পণ্ডিতমশাই’ উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ৮

- ২। “বৃন্দাবন, তুমি যে যথার্থই মানুষ তাতে আমার কোনো সন্দেহ নেই।” — বক্তার এই মন্তব্যের সঙ্গে তুমি কী সঙ্গত? যুক্তিসহ আলোচনা করো। ৮

**অথবা**

“এই দেশ জোড়া মুচতার প্রায়শ্চিত্ত নিজে ত করি ভাই, তার পরে, দেখা যাবে গভরমেণ্ট তাঁর কর্তব্য করেন কি না। নিজের কর্তব্য করার আগে, পরের কর্তব্য আলোচনা করলে পাপ হয়।” — উদ্ধৃতিটির আলোয় ‘পণ্ডিতমশাই’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ৮

**বিভাগ - খ**

- ৩। ‘নবান্ন’ একইসঙ্গে দুর্গতি ও প্রতিরোধের নাটক — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ৮

**অথবা**

গণনাট্য আন্দোলনের আলোয় ‘নবান্ন’ নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো। ৮

- ৪। চরিত্র ও পরিবেশ উপযোগী সংলাপ রচনায় নাটককার বিজন ভট্টাচার্য অনেকটাই সফল — মন্তব্যটির যথার্থ্য বিচার করো। ৮

**অথবা**

‘নবান্ন’ নাটকে গানের ব্যবহার কতদূর সফল হয়েছে, যুক্তিসহ আলোচনা করো। ৮